ভোরের কাগজ

তারিখ ... পৃঃ ৭ কলাম ৬

AUG 10 2002

# স্কুলে স্কুলে বৃক্ষরোপণ চলছে

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের গুলশান কৃষি অফিসের উদ্যোগে ফলজ গাছ রোপণ কর্মসূচি উপলক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, গোরস্থান, গীর্জা, টিভি ভবন, স্বাস্থ্য কমপ্লেক্স, ভিআইপিদের বাসস্থানসহ নানা জায়গায় ফলজ গাছ রোপণের কাজ চলছে।

ইতিমধ্যে একরামুন্নেছা হাইস্কুল, উত্তর কাফরুল উচ্চ বিদ্যালয়, টিএন্ডটি উচ্চ বিদ্যালয়, মহাখালী মডেল হাইস্কুল, শেরে বাংলা নগর আবুল বাসার প্রাথমিক বিদ্যালয়, রাজধানী হাইস্কুল, গণভবন হাইস্কুল, কে.এম জুবিলী স্কুল এন্ড কলেজ সূত্রাপুর, রাজারবাগ পুলিশ লাইন হাইস্কুল, কামরুন্নেসা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় সূত্রাপুর, উত্তর-পূর্ব বাড্ডা সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাড্ডা হাইস্কুল, এন. হোসেন আলী স্কুল তেজগাঁও, ভূড়াতলী হাই স্কুল, একরামুন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয়, বটমলী গার্লস হাইস্কুল, বটমলী হোমস, আইডিয়াল স্কুল এন্ড কলেজ বনশ্রী শাখা, আলী আহাম্মেদ উচ্চ বিদ্যালয় গোড়ান, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মেরি হাউজ, বাসাবো উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, টিভি ভবন চত্বরে উন্নত জাতের ইপসা পেয়ারা, আম, কাঁঠাল, নারিকেল, সুপারি, করমচা, কদবেল, কামরাঙ্গা, আমলকি, জলপাই, চালতা, লেবু ইত্যাদি ফলের গাছ এবং ফলজ বৃক্ষের পাশাপাশি ঔষধি গাছ হিসেবে নিমগাছ রোপণ করা হয়েছে। বিজ্ঞপ্তি।